

📖 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১০. দুনিয়াবী স্বার্থ লাভের দাবী পেশ (تقديم الدعاوى لنيل الغرض الدنيوي)

এক সময় তারা তিনটি দাবী নিয়ে উপস্থিত হয়।

(ক) যদি তুমি সত্যই নবী হয়ে থাক, তাহ'লে সারা পৃথিবীর ধন-ভান্ডার আমাদের কাছে এনে দাও।

(খ) আমাদের ভবিষ্যৎ ভাল-মন্দের বিষয়গুলি বলে দাও। যাতে আমরা আগেভাগে সাবধান হ'তে পারি।

(গ) তুমি একজন ফেরেশতাকে নবী হিসাবে এনে দাও, আমরা তাকে নেতা রূপে মেনে নেব। কেননা তুমি তো আমাদেরই মত একজন মানুষ মাত্র। জবাবে আল্লাহ নিম্নোক্ত আয়াত নাযিল করেন,

قُلْ لَا أَقُولُ لَكُمْ عِنْدِي خَزَائِنُ اللَّهِ وَلَا أَعْلَمُ الْغَيْبَ وَلَا أَقُولُ لَكُمْ إِنِّي مَلَكٌ إِنَّمَا اتَّبَعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ قُلْ هَلْ يَسْتَوِي
50 (الأنعام 50) الْأَعْمَىٰ وَالْبَصِيرُ أَفَلَا تَتَفَكَّرُونَ

‘তুমি বলে দাও, আমি তোমাদের একথা বলিনা যে, আমার কাছে আল্লাহর ধন-ভান্ডার সমূহ রয়েছে। আর আমি অদৃশ্য বিষয় অবগত নই। আমি একথাও বলি না যে, আমি ফেরেশতা। আমি তো কেবল তারই অনুসরণ করি, যা আমার নিকটে ‘অহি’ করা হয়। তুমি বল, অন্ধ ও চক্ষুখ্মান কি কখনো সমান হয়? তোমরা কি চিন্তা করবে না? (আন‘আম ৬/৫০)।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5231>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন